

## সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৮৯০

১৩/ कातांसिय (ওয়ांतिमी স্বত্ব) (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৪. সহোদর ভাই-বোনের মীরাস

بَابُ مَا جَاءَ فِي مِيرَاثِ الصُّلْبِ

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَامِرِ بْنِ زُرَارَةَ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، عَنِ الْأَعْمَشِ، عَنْ أَبِي قَيْسٍ الْأَوْدِيِّ، قَالَ: جَاءَ رَجُلُ إِلَى أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ، وَالْأَوْدِيِّ، قَالَ: جَاءَ رَجُلُ إِلَى أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ، وَالْأَوْدِيِّ، قَالَ: جَاءَ رَجُلُ إِلَى أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ، وَسَلْمَانَ بْنِ رَبِيعَةَ فَسَأَلَهُمَا، عَنِ ابْنَةٍ، وَابْنَةٍ ابْنٍ، وَأُخْتٍ لِأَبِّ وَأُمِّ، فَقَالَا: وَلِلْأُخْتِ مِنَ الْأَبِ، وَالْأُمِّ النِّصَفُ، وَلَمْ يُورِّثَا ابْنَةَ الِابْنِ شَيْئًا، وَأُتِ ابْنَ مَسْعُودٍ، فَإِنَّهُ سَيُتَابِعُنَا، فَأَتَاهُ الرَّجُلُ فَسَأَلَهُ وَأَخْبَرَهُ بِقَوْلِهِمَا، فَقَالَ: لَقَدْ ضَلَلْتُ إِذًا وَمَا أَنَا مِنَ الْمُهْتَدِينَ، وَلَكِنِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِابْنَتِهِ النِصَفْ، وَلِابْنَةِ الابْنِ سَهُمُّ سَأَقْضِي فِيهَا بِقَضَاءِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لِابْنَتِهِ النِصَفْ، وَلِابْنَةِ الابْنِ سَهُمُّ تَكُمِلَةُ التَّلُثُونِ، وَمَا بَقِيَ فَلِلْأُخْتِ مِنَ الْأَبِ وَالْأُمِّ

صحيح

## বাংলা

২৮৯০। হুযাইল ইবনু শুরাহবীল আল-আওদী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি আবৃ মূসা আলআশ'আরী (রাঃ) ওসালমান ইবনু রবী'আহ (রাঃ)-এর নিকট উপস্থিত হয়ে উভয়কে কন্যা, পুত্রের কন্যা ও সহোদর
বোনের মীরাস সম্পর্কে জিজ্ঞেস করলো। তারা উভয়ে বললেন, মৃতের কন্যা অর্ধেক পাবে এবং সহোদর বোন
অর্ধেক পাবে। তারা পুত্রের কন্যা (নাতনীকে) উত্তরাধিকার করেননি। (তারা বললেন) তুমি ইবনু মাসউদ (রাঃ)-কে
গিয়ে জিজ্ঞেস করতে পারো। হয় তো তিনিও আমাদের মতই বললেন।

লোকটি তার নিকট এসে প্রশ্ন করলো এবং তাকে তাদের কথাও জানালো। তিনি বললেন, (যদি ঐরপ অভিমত সমর্থন করি) তবে তো আমি পথভ্রম্ভ হবো এবং হিদায়াতপ্রাপ্তদের অন্তর্ভুক্ত থাকবো না। আমি এ বিষয়ে সেই ফায়সালাই দিবো যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দিয়েছেন। মেয়ে পাবে অর্ধেক এবং পুত্রের কন্যা (নাতনী) পাবে ছয় ভাগের এক ভাগ যেন (উভয়টি মিলে) দুই-তৃতীয়াংশ পূর্ণ হয়। আর অবশিষ্ট (এক-তৃতীয়াংশ)



অংশ পাবে সহোদর বোন।[1]

## **English**

Narrated Huzail b. Shurahbil al-Awadi:

A man came to Abu Musa al-Ash'ari and Salman b. Rabi'ah, and asked about a case where there were a daughter, a son's daughter and full sister. They replied: The daughter gets half and the full gets half. The son's daughter gets nothing. Go to Ibn Mas'ud and you will find that he agrees with me. So the man came to him and informed him about their opinion. He said: I would then be in error and not be one of those who are rightly guided. But I decide concerning the matter as the Messenger of Allah () did: The daughter gets half, and the son's daughter gets a share which complete thirds (i.e. gets a sixth), and what remain to the full sister."

ফুটনোট

[1]. সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ হুযায়ল ইবনু গুরাহবীল (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন